


ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৮১১

আগরতলা, ১৪ নভেম্বর, ২০২৪

এমবিবি বিমানবন্দরে ভূমিকম্পের উপর মহড়া



ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটি এবং এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়া'র উদ্যোগে আজ আগরতলার মহারাজা বীর বিক্রম বিমানবন্দরে ভূমিকম্পের উপর এক মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় ৬.৪ মাত্রায় ভূমিকম্প হলে পরবর্তী পরিস্থিতিতে উদ্ধারকাজ নিয়ে মহড়াটি অনুষ্ঠিত হয়েছে। মহড়ায় এয়ারপোর্ট অথরিটি অব ইন্ডিয়া, এনডিআরএফ, আসাম রাইফেল, এসডিআরএফ, ফায়ার সার্ভিস, ত্রিপুরা পুলিশ, বিএসএফ, সিআরপিএফ, বন দপ্তর, নীপকো, ওএনজিসি, গেইল, টিএনজিসিএল, আপদা মিত্র, সিভিল ডিফেন্স, স্কাউট ও গাইড, এনসিসি, স্বাস্থ্য দপ্তর, পূর্ত দপ্তর সহ বিভিন্ন উদ্ধারকারী দল অংশগ্রহণ করে। অনুষ্ঠানে অগ্নিকাণ্ডের উপরেও মহড়া অনুষ্ঠিত হয়।

মহড়া শেষে রাজস্ব দপ্তরের সচিব ব্রিজেশ পান্ডে বিপর্যয়ের সময়ে গুজব তৈরি না করে সকলকে হাতে হাত মিলিয়ে একসঙ্গে উদ্ধার এবং ত্রাণ কাজে এগিয়ে আসার আহ্বান জানান। তিনি বলেন, এয়ারপোর্টে যাত্রীদের সুরক্ষার কথা চিন্তা করেই এ ধরনের মহড়ার আয়োজন করা হয়েছে। মহড়ায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডা. বিশাল কুমার, পশ্চিম ত্রিপুরা জেলার পুলিশ সুপার কিরণ কুমার কে, ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির মেজর জেনারেল অজয় কুমার ভার্মা, এমবিবি বিমানবন্দরের অধিকর্তা কৈলাস চন্দ্র মিনা, বিপর্যয় মোকাবিলা দপ্তরের অধিকর্তা জে ভি দোয়াতি, সদর মহকুমার মহকুমা শাসক মানিক লাল দাস প্রমুখ।

\*\*\*\*\*